

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ২৩, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

অর্থ মন্ত্রণালয়

(কাস্টমস্ ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ, ৮ বৈশাখ ১৪২১ বঙ্গাব্দ/২১ এপ্রিল ২০১৪ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং-৬৫-আইন/২০১৪/২৪৭৭/কাস্টমস্।—Customs Act, 1969 (Act, No. 1V of 1969) এর section 19 এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৪ অগ্রহায়ণ ১৪০২ বঙ্গাব্দ মোতাবেক ২৮ নভেম্বর ১৯৯৫ খ্রিস্টাব্দ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন এস, আর, ও নং ২০২-আইন/৯৫/১৬৩৯/কাস ও নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের—

- (ক) প্রস্তাবনায় উল্লিখিত “নিম্নবর্ণিত পণ্যসমূহ” শব্দগুলির পরিবর্তে “নিম্নবর্ণিত সেবা ও পণ্যসমূহ” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (খ) “মণ্ডুকুফকৃত পণ্যসমূহ” শীর্ষক শিরোনামার পরিবর্তে “মণ্ডুকুফকৃত সেবা ও পণ্যসমূহ” শীর্ষক শিরোনামা প্রতিস্থাপিত হইবে;
- (গ) “মণ্ডুকুফকৃত সেবা ও পণ্যসমূহ” শীর্ষক সংশোধিত শিরোনামাধীন দফা (ক) তে উল্লিখিত “আমদানিকৃত যন্ত্রপাতি” শব্দগুলির পরিবর্তে “আমদানিকৃত সেবা, যন্ত্রপাতি” শব্দগুলি ও কমাটি প্রতিস্থাপিত হইবে;

(১২৯৬৩)

মূল্য ঃ টাকা ৪.০০

- (ঘ) শর্ত নং ২ এ উল্লিখিত “আমদানিকৃত যন্ত্রপাতি” শব্দগুলির পরিবর্তে “আমদানিকৃত সেবা, যন্ত্রপাতি” শব্দগুলি ও কমাটি প্রতিস্থাপিত হইবে;
- (ঙ) শর্ত নং ৩ এ উল্লিখিত “রেয়াত প্রাপ্ত যন্ত্রপাতি” শব্দগুলির পরিবর্তে “রেয়াত প্রাপ্ত সেবা, যন্ত্রপাতি” শব্দগুলি ও কমাটি প্রতিস্থাপিত হইবে;
- (চ) শর্ত নং ৫ এ উল্লিখিত “এরূপ কোন পণ্য” শব্দগুলির পরিবর্তে “এরূপ কোন সেবা, এবং পণ্য” শব্দগুলি এবং কমাটি প্রতিস্থাপিত হইবে; এবং
- (ছ) শর্ত নং ৭ এ উল্লিখিত “কোন প্রকার যন্ত্রপাতি” শব্দগুলির পরিবর্তে “কোন প্রকার সেবা, যন্ত্রপাতি” শব্দগুলি ও কমাটি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গোলাম হোসেন
সচিব।